দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 07 FEB 1994 ...
পৃষ্ঠা ২ কলাম ৮

74

# পরীক্ষার ৮ মাস পরেও ফল বের হয়নি

স্টাফ রিপোর্টার, রাজশাহী।- রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৯৯২ সালের ডিগ্রী (পাস) পরীক্ষা অনুষ্ঠিত হবার পর প্রায় ৮ মাস অতিবাহিত হলেও এখনও ফল বের হয়নি। '৯৩ সালের জুন-জুলাই মাসে এই পরীক্ষা হয়। বিএ, বিএসসি, বিকম ও বিএজি এই চার গ্রুপে প্রায় ৬০ হাজার ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশগ্রহণ করে। এক শ' ৫৩টি কেন্দ্রে পরীক্ষা হয়। পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস সূত্রে বলা হয়, পরীক্ষকগণ খাতা দেখে যথাসময়ে জমা না দেয়ায় রেজাল্ট প্রকাশে বিলম্ব হচ্ছে। রবিবার পরীক্ষা নিয়ন্ত্রকের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান, সোমবার বিকম ও বিএসসি পরীক্ষার রেজাল্ট প্রকাশ করা হতে পারে। উপরন্তু তৃতীয়-চতুর্থ শ্রেণীর কর্মচারীদের লাগাতার ধর্মঘটের কারণে রেজাল্ট প্রকাশ অনিশ্চিত হয়ে পড়েছে। এদিকে, নির্ভরযোগ্য সূত্র জানায়, বিভিন্ন কারণে ১৫৩টি কেন্দ্রের মধ্যে ১৬টি কেন্দ্রের ডিগ্রী পরীক্ষার রেজাল্ট প্রকাশ স্থগিত রাখা হতে পারে।